রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ১৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৮, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২০৩—২১৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫০১—৫২৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩২৯—৩৪৪ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ০১/২০২৪/কাস্টমস/২৬।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড ডিপ্লোমেটিক বন্ডেড ওয়ারহাউস প্রতিষ্ঠান মেসার্স টস বন্ড (প্রা:) লি: (বন্ড লাইসেন্স নং-০২/কাস-এসবিডব্লিউ/১৯৭৯, তারিখ : ১০-০১-১৯৭৯) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১. | মেসার্স টস বন্ড (প্রা:) লি: | ১৩,২০,০০০ (তের লক্ষ বিশ হাজার মার্কিন ডলার) |

০২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২৩-২০২৪ অর্থবছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত ৭,৩৮,৬২৮.৮২ মা: ডলার সমন্বয় করতে হবে।

**এইচ. এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৭ পৌষ ১৪৩০/১১ জানুয়ারি ২০২৪

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৫৭.১০(অংশ-২).২৬২**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো।

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | বড় হজরতপুর | ২৭৮ | ৬২৩ | ১ | মিঠাপুকুর | রংপুর |
| ২ | মুরাদপুর | ২৮৩ | ১৯৬৮ | ৩ | মিঠাপুকুর | রংপুর |
| ৩ | পূর্ব্ব বালাগ্রাম | ৫০ | ৪০১২ | ৬ | জলঢাকা | নীলফামারী |
| ৪ | উত্তর দুরাকুঠী | ২৯ | ২৭৬৯ | ৫ | কিশোরগঞ্জ | নীলফামারী |
| ৫ | মুসা | ৩৪ | ২০০৪ | ২ | কিশোরগঞ্জ | নীলফামারী |
| ৬ | রণচন্ডী | ৪১ | ৩০৫৮ | ৪ | কিশোরগঞ্জ | নীলফামারী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

## পররাষ্ট্র মন্ত্রণালয়
## রাষ্ট্রাচার অনুবিভাগ
## রাষ্ট্রাচার (নীতি)

### প্রজ্ঞাপন

তারিখ : ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১৯.০০.০০০০.৭১৫.৬১.০১৯.২৩.১১৮৬**—ঢাকাস্থ উত্তর কোরিয়া দূতাবাস বাংলাদেশে তাঁদের দূতাবাসের কার্যক্রম বন্ধের বিষয়টি বাংলাদেশ সরকারকে অবহিত করেছেন। উত্তর কোরিয়া ১৯৭৪ সালের সেপ্টেম্বর মাসে ঢাকায় তাঁদের দূতাবাসের কার্যক্রম শুরু করে। উত্তর কোরিয়া কর্তৃক নিযুক্ত আবাসিক রাষ্ট্রদূত H. E. Mr. Pak Song Yop বিগত ১৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির নিকট তাঁর পরিচয়পত্র পেশ করেছিলেন। ২০ নভেম্বর ২০২৩ তারিখ উত্তর কোরিয়া দূতাবাস ঢাকায় তাঁদের কার্যক্রম বন্ধ করেন এবং উত্তর কোরিয়ার রাষ্ট্রদূত বাংলাদেশ ত্যাগ করেন।

০২। আর্থিক সংকটের কারণে তাঁরা তাঁদের দূতাবাসের কার্যক্রম বন্ধ করেছে বলে জানা যায়। ঢাকায় কুটনৈতিক দূতাবাস বন্ধ হলেও উক্ত দেশের দিলিস্থ দূতাবাস বাংলাদেশের সাথে সকল ধরণের কূটনৈতিক সম্পর্ক অব্যাহত রাখবে মর্মে উত্তর কোরিয়া কূটনৈতিক পত্রের মাধ্যমে অবহিত করেছে।

০৩। বর্ণিত অবস্থায়, বাংলাদেশে উত্তর কোরিয়া দূতাবাসের কার্যক্রম বন্ধের বিষয়টি জানিয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাল্গুনী বাগ্‌চী**
সিনিয়র সহকারী সচিব (রাষ্ট্রাচার নীতি)।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ পৌষ ১৪৩০/০১ জানুয়ারি ২০২৪

নং **৩৮.০০.০০০০.০০৮.৩৪.০২০.২১-০১**—সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন নীতিমালা ২০২৩ অনুযায়ী শ্রুতিকটু, নেতিবাচক এবং শিশু মনে ও জনমনে বিরূপ প্রভাব ফেলেছে এরূপ নিম্নবর্ণিত **১১** (এগারো)টি বিদ্যালয়ের নাম নিম্নোক্তভাবে পরিবর্তন করা হলোঃ

| ক্রমিক নং | বিদ্যালয়ের বর্তমান নাম ও ঠিকানা | বিদ্যালয়ের পরিবর্তিত নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১. | কুকুরমারা সরকারি প্রাথমিক বিদ্যালয়, বেলাব, নরসিংদী। | শান্তিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বেলাব, নরসিংদী। |
| ২. | মরহুম ডাঃ মোকছেদ আলী মুন্সীগঞ্জ পশুরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | ডাঃ মোকছেদ আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ৩. | বটিয়াপাড়া শিয়ালমারী এজি বালিকা বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | আব্দুল গণি সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ৪. | ভোদুয়া সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | ভোদুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ৫. | বড়বোয়ালিয়া বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | বড়বোয়ালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ৬. | ভোগাইল বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | ভোগাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ৭. | হারদি বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | হারদি সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ৮. | কুমারী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। | দক্ষিণপাড়া প্রতিভা বিকাশ সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। |
| ৯. | জীবননগর থানা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা। | জীবননগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| ১০. | আন্দুলবাড়ীয়া বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা। | আন্দুলবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| ১১. | আদিয়াবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, রায়পুরা, নরসিংদী। | ড. মনিরুজ্জামান সরকারি প্রাথমিক বিদ্যালয়, রায়পুরা, নরসিংদী। |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ কবির উদ্দীন**
উপসচিব।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ পৌষ ১৪৩০/০৪ জানুয়ারি ২০২৪

**নং ৩৪.০০.০০০০.০৪১.১১.০১৪.২৩.২৬**—বাংলাদেশ সার্ভিস রুলস্ পার্ট-১ এর বিধি ৪২(২) এবং বিধি ৩০০(বি)-এর বিধান মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ২০-১১-২০২৩ তারিখে যোগদানকৃত "সিস্টেম এনালিস্ট" (গ্রেড-৫) জনাব এ এস এম হোসনে মোবারক-এর পূর্বের চাকরিকাল (২৫-০৮-২০১৯ খ্রি. তারিখ হতে ১৯-১১-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত) সরকারি চাকরিতে চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্বের চাকরির ধারাবাহিকতা ও বেতন সংরক্ষণ অক্ষুণ্ন থাকবে মর্মে সম্মতি জ্ঞাপন করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপ্তিময়ী জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**পরিমেয় ঐতিহ্য শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ মাঘ ১৪৩০/১৬ জানুয়ারি ২০২৪

**নং ৪৩.০০.০০০০.১২৯.০৬.০০২.২০.১২**—'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ এর ৭ নম্বর ধারামতে 'ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা' এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্তভাবে ১০(দশ) সদস্যবিশিষ্ট নির্বাহী পরিষদ গঠন করা হলো:

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা | পরিষদের পদবি |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা | সভাপতি |
| ২. | উপসচিব | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৩. | উপসচিব | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৪. | জনাব সুরভী মান্দা | পিতা: মৃত মটর চিরাম, গ্রাম-কানিয়াইল, ডাকঘর-বিরিশিরি, উপজেলা-দূর্গাপুর, নেত্রকোণা | সদস্য |
| ৫. | মৃণাল কান্তি বানাই | পিতা-মন্ত্রী কুমার সরকার, গ্রাম-দাহাপাড়া, ডাকঘর-রাণীখং, উপজেলা-দূর্গাপুর, জেলা-নেত্রকোণা | সদস্য |
| ৬. | সন্ধ্যা রানী রায় | পিতা-উপেন্দ্র চন্দ্র রায়, গ্রাম-ঘোড়াইত, ডাকঘর-বিরিশিরি, উপজেলা-দূর্গাপুর, জেলা-নেত্রকোণা | সদস্য |
| ৭. | জনাব যুগল কিশোর কোচ | পিতা-মহন্ত কুমার কোচ, গ্রাম ও ডাকঘর-রাংটিয়া, দূর্গাপুর, নেত্রকোণা | সদস্য |
| ৮. | বীর মুক্তিযোদ্ধা সোহরাব হোসেন তালুকদার | পিতা-মৃত আব্দুল বারেক তালুকদার, গ্রাম-দেবথৈল, ডাকঘর-সুসং, উপজেলা-দূর্গাপুর, জেলা-নেত্রকোণা | সদস্য |
| ৯. | সমীরণ কুমার সিংহ | পিতা-মৃত মহাদেব সিংহ, গ্রাম-গড়মা, ডাকঘর-বারহাট্টা, উপজেলা-বারহাট্টা, জেলা-নেত্রকোণা | সদস্য |
| ১০. | পরিচালক | ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, দূর্গাপুর, নেত্রকোণা' | সদস্য-সচিব |

০২। 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০' এর ৭(২) উপ-ধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ০৩(তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময়ে যে কোনো মনোনীত সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুনর্গঠন করতে পারবে এবং একই আইনের ৭(৩) উপ-ধারা অনুযায়ী মনোনীত কোনো সদস্য যে কোনো সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে একমাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ ত্যাগ করতে পারবেন। একই আইনের ৭(৬) উপ-ধারা অনুযায়ী নির্বাহী পরিষদ প্রয়োজনবোধে, শিল্প সাহিত্য ও সংস্কৃতি ক্ষেত্রে অবদান রেখেছে এমন অভিজ্ঞ ব্যক্তিদের মধ্যে অনধিক দুই ব্যক্তিকে নির্বাহী পরিষদের সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করতে পারবে।

০৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০/১২ ডিসেম্বর ২০২৩

**নং ৪০.০০.০০০০.০১৬.৩৩.০০১.১৯.২৪২**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২৬৬(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত ট্রাষ্টি বোর্ডের সদস্যগণের সমন্বয়ে চা বাগান শ্রমিক ভবিষ্য তহবিল ট্রাষ্টি বোর্ড গঠন করিল:

| ক্রমিক নং | ট্রাষ্টি বোর্ডের সদস্যগণের নাম, পদবি ও ঠিকানা | চেয়ারম্যান/সদস্য |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০ | চেয়ারম্যান |
| ২. | জনাব এম ওয়াহিদুল হক, কমিটি সদস্য, বাংলাদেশ টি এসোসিয়েশন ও ব্যবস্থাপনা পরিচালক, দেউন্ডি টি কোম্পানি লি:, ডাকঘর-চাঁন্দপুর বাগান, উপজেলা-চুনারুঘাট, জেলা-হবিগঞ্জ | মালিকগণের প্রতিনিধিত্বকারী |
| ৩. | জনাব এম শাহ আলম, কমিটি সদস্য (এক্স অফিসিও), বাংলাদেশ টি এসোসিয়েশন ও পরিচালক (অপারেশন) ডানকান ব্রাদার্স (বিডি) লি:, ক্যামেলিয়া হাউস, ২২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা | |
| ৪. | জনাব তাহসিন এ চৌধুরী, কমিটি সদস্য, বাংলাদেশ টি এসোসিয়েশন ও চিফ অপারেটিং অফিসার-এস্টেটস, দি কনসলিডেটেড টি এন্ড ল্যান্ডস কোং (বিডি) লি:, ফিনলে হাউস, বালিশিরা চা বাগান, ডাকঘর-কালিঘাট, উপজেলা-শ্রীমঙ্গল, জেলা-মৌলভীবাজার | |
| ৫. | জনাব মো: হাবিবুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক, বাংলাদেশ টি এস্টেট স্টাফ এসোসিয়েশন, হেড টিলা ক্লার্ক, জগদীশপুর চা বাগান, ডাকঘর-ইটাকোলা, উপজেলা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ | চা শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য |
| ৬. | জনাব বিজয় হাজরা, সাংগঠনিক সম্পাদক, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন, সাং-ভাড়াউড়া চা বাগান, ডাকঘর-শ্রীমঙ্গাল, উপজেলা-শ্রীমঙ্গাল, জেলা-মৌলভীবাজার | |
| ৭. | জনাব বিজয় বুনার্জী, পিতা-মৃত: সর্বেশ্বর বুনার্জী, মাতা-মৃত লক্ষ্মী রানী বুনার্জী, গ্রাম-বর্মাছড়া চা বাগান, ডাকঘর-কেজুরছড়া, উপজেলা- শ্রীমঙ্গাল, জেলা-মৌলভীবাজার | |
| ৮. | জনাব মো: ইমতিয়াজ আহমেদ, পরিচালক ও শেয়ার হোল্ডার, চাটার্ড লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লি:, গ্রাম-সিদ্ধেশ্বরপুর, ডাকঘর-মুন্সিবাজার-৩২২৪, উপজেলা-কমলগঞ্জ, জেলা-মৌলভীবাজার | চা শিল্পের সহিত সংশ্লিষ্ট নহেন এরূপ সদস্য |
| ৯. | অধ্যাপক কৃষ্ণলাল কালোয়ার, ৮৬, জয়নগর আবাসিক এলাকা, কলেজ রোড, উপজেলা- শ্রীমঙ্গাল, জেলা-মৌলভীবাজার | |

০২। এ ট্রাস্টি বোর্ডের মেয়াদ প্রজ্ঞাপনে বর্ণিত তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বৎসর পর্যন্ত বহাল থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখ: ২৬ পৌষ ১৪৩০/১০ জানুয়ারি ২০২৪ খ্রি.

**নং ১০.০০.০০০০.১৩০.১১.০৯৮.২৩.০১৩**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব আহম্মদ আলী, পিতা-মোহাম্মদ হযরত আলী হালদার, মাতা-শাফিয়া খাতুন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীন আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং ১০.০০.০০০০.১৩০.১১.১০৫.২৩.০১৪**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব সুরাইয়া এহসান হেলালী, পিতা-খালেকুজ্জামান মন্ডল, মাতা-মোছাঃ রহিমা খাতুন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীন আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং ১০.০০.০০০০.১৩০.১১.১০৩.২৩.০১৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ মোর্শেদুজ্জামান, পিতা-মোহাম্মদ আসাদুজ্জামান, মাতা-মনজু আরা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীন আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং ১০.০০.০০০০.১৩০.১১.১০৪.২৩.০১৬**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব এ. ওয়াহিদ ইমরান, পিতা-রফিকুল ইসলাম, মাতা-নুরজাহান ইসলাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীন আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং ১০.০০.০০০০.১৩০.১১.০৯৬.২৩.০১৭**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ মোবাশ্বের হাসান, পিতা-মোঃ ওয়ালিউর রহমান, মাতা-মোছাঃ তছলিমারা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীন আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং ১০.০০.০০০০.১৩০.১১.০৯৪.২৩.০১৮**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব এস, এম, আবুল কাশেম, পিতা-শেখ মোকসেদ আলী, মাতা-মোসাঃ ফাতেমা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীন আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**কর্মসংস্থান-০২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রি.

**নং ৪৯.০০.০০০০.০৪৪.১৮.০৯৯.১৯-১১৪৬**—মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত ১৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীতে উল্লিখিত ৪ নম্বর ক্রমিকের সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেট জেনারেল কর্তৃক কর্মী নিয়োগের চাহিদাপত্র সত্যায়নকালে নিয়োগকারী কোম্পানি/মালিক কর্তৃক নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে মর্মে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

**সাধারণ পেশার ক্ষেত্রে দাখিলযোগ্য কাগজপত্রের তালিকা:**

(ক) কোম্পানি কর্তৃক মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার/কনসাল জেনারেল বরাবর আবেদন;

(খ) বিদেশী কর্মী নিয়োগ সংক্রান্তে নিয়োগকারী কোম্পানির কোটা বিষয়ে গন্তব্য দেশের সরকার কর্তৃক অনুমতিপত্র;

(গ) কর্মীদের সংখ্যা, মাসিক বেতন, কর্মঘন্টা, সাপ্তাহিক কর্মদিবস, বাৎসরিক ছুটি, আহার, বাসস্থান, যাতায়াত, চিকিৎসা, বিমান ভাড়াসহ অন্যান্য সুযোগ-সুবিধা উল্লেখপূর্বক Demand Letter/Job Order;

(ঘ) বাংলাদেশি রিক্রুটিং এজেন্সীর অনুকূলে প্রদত্ত ক্ষমতাপত্র (Power of Attorney);

(ঙ) গন্তব্য দেশের নিয়োগকারী কোম্পানি ও বাংলাদেশি রিক্রুটিং এজেন্সীর মধ্যে সম্পাদিত চুক্তিপত্র; এবং

(চ) নিয়োগকর্তার স্বাক্ষর ও সীলসহ কর্মী ও নিয়োগকর্তার মধ্যে সম্পাদনযোগ্য Employment Contract এর নমুনা কপি।

**গৃহকর্মীদের ক্ষেত্রে সত্যায়নকালীন দাখিলযোগ্য কাগজপত্রের তালিকা:**

(ক) কোম্পানি কর্তৃক মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার/কনসাল জেনারেল বরাবর আবেদন;

(খ) গৃহকর্মী নিয়োগ সংক্রান্ত গন্তব্য দেশের সরকার কর্তৃক অনুমতিপত্র;

(গ) কর্মীদের সংখ্যা, মাসিক বেতন, কর্মঘন্টা, সাপ্তাহিক কর্মদিবস, বাৎসরিক ছুটি, আহার, বাসস্থান, যাতায়াত, চিকিৎসা, বিমান ভাড়াসহ অন্যান্য সুযোগ-সুবিধা উল্লেখপূর্বক Demand Letter/Job Order;

(ঘ) বাংলাদেশি রিক্রুটিং এজেন্সীর অনুকূলে প্রদত্ত ক্ষমতাপত্র (Power of Attorney);

(ঙ) গন্তব্য দেশের কোম্পানি ও বাংলাদেশি রিক্রুটিং এজেন্সীর মধ্যে সম্পাদিত চুক্তিপত্র;

(চ) নিয়োগকর্তার স্বাক্ষর ও সীলসহ কর্মী ও নিয়োগকর্তার মধ্যে সম্পাদনযোগ্য Employment contract এর নমুনা কপি;

(ছ) গৃহকর্মীর সামাজিক নিরাপত্তা সংক্রান্ত নিয়োগকর্তার প্রদত্ত অংগীকারনামা।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শিমুল কুমার সাহা**
সিনিয়র সহকারী সচিব।

---

**গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন অধিশাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ পৌষ ১৪৩০/৩১ ডিসেম্বর ২০২৩

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৯.২২-২৩৪৯**—জনাব মো: রোকন উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), ঢাকা গণপূর্ত সার্কেল-৩, ঢাকা এর অস্ট্রেলিয়ান পাসপোর্ট এবং তার স্ত্রীর নিকট হতে প্রাপ্ত অভিযোগ পর্যালোচনায় দেখা যায়, তিনি ঢাকায় কর্মরত অবস্থায় ০৭-০৩-২০১৪ তারিখ অস্ট্রেলিয়ার নাগরিকত্ব গ্রহণপূর্বক অস্ট্রেলিয়ান পাসপোর্ট গ্রহণ করেছেন। পাসপোর্টের ফটোকপি থেকে প্রাপ্ত তথ্যমতে, তিনি Government Order (GO) ব্যতীত ২৩-০৫-২০১৪, ১০-০৭-২০১৪, ১৩-১০-২০১৫, ১৭-১০-২০১৫, ০৫-১২-২০১৮ ও ৩১-০৫-২০১৯ তারিখ মালয়েশিয়া, ১৪-০৭-২০১৫ তারিখ ফিলিপাইন, ০৪-০৫-২০১৮ তারিখ জার্মানি ভ্রমণ করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর থেকে ২৮-০৬-২০২২ তারিখের ২৫.৩৬.০০০০.২২০.২৭.৭৪৩.২২-৯৫৯ নং স্মারকে তাকে ১০(দশ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রদানের জন্য অনুরোধ করা হয়। তিনি ১৭-০৭-২০২২ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জনাব মো: রোকন উদ্দিন এর কারণ দর্শানোর জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার জন্য গণপূর্ত অধিদপ্তর হতে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ফলে, এ মন্ত্রণালয়ের ১৫-০৯-২০২২ তারিখের ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৯.২২-২৮৪ নং স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন যা পর্যালোচনান্তে সন্তোষজনক প্রতীয়মান হয়নি;

২। জনাব মো: রোকন উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), ঢাকা গণপূর্ত সার্কেল-৩, ঢাকা বিনা অনুমতিতে একাধিকবার বাংলাদেশের বাহিরে গমন করেন। একইভাবে তিনি গত ১৩-০৪-২০২৩ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার অননুমোদিত অনুপস্থিতির কারনে শেরেবাংলা নগর থানায় সাধারণ ডায়েরি করা হয়; যার জিডি নং-৬০৪, তারিখ: ০৯-০৫-২০২৩;

০৩। বাংলাদেশ পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা হতে প্রাপ্ত ১৭ মে ২০২৩ তারিখের ১৬০৫ সংখ্যক পত্র পর্যালোচনায় আরো দেখা হয় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: রোকন উদ্দিন ০৩ (তিন) টি পাসপোর্টের অধিকারী। যার নম্বর : (১) OC4157148; (২) N 8370276; (৩) PB5081694। এর মধ্যে ০২(দুই) টি অস্ট্রেলিয়ান পাসপোর্ট। পুলিশের এস.বি কর্তৃক

প্রদত্ত উপর্যুক্ত পত্র পর্যালোচনা করে জনাব মো: রোকন উদ্দিনের অস্ট্রেলিয়ার নাগরিকত্ব গ্রহণ নিশ্চিত হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি 'খ' অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজুর পরিবর্তে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪০ এর উপধারা (১) ও (২) এবং একই আইনের ধারা ৪০ এর উপধারা (৩) ও (৪) অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

০৪। অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: রোকন উদ্দিনকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪০ এর উপবিধি (১) ও (২) অনুযায়ী অভিযুক্ত করে এবং বর্ণিত অভিযোগের দায়ে একই আইনের ধারা ৪০ এর উপধারা (৩) ও (৪) মোতাবেক কেন তার চাকরি অবসান করা হবে না তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য ই-মেইল ও WhatsApp এর মাধ্যমে তাকে নোটিশ প্রদান করা হয়। তিনি ই-মেইল ও WhatsApp এর মাধ্যমে নোটিশের জবাব প্রদান করেন। তিনি জানান বিদেশে আবেদন করে একটি ভালো কাজ পেয়েছেন। তিনি লিয়েনের আবেদন করেও লিয়েনের অনুমতি পাননি। তার আরো ০৩(তিন) বছর লিয়েন পাওনা আছে। তার দাখিলকৃত জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক প্রতীয়মান হয়নি। অতএব, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: রোকন উদ্দিনের বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণের কারণে তার চাকরি অবসান এবং সরকারি চাকরি আইন, ২০১৮ কার্যকর হওয়ার তারিখ (০১-১০-২০১৯) হতে পরবর্তী সময়ে গৃহীত সকল বেতন ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধা তার নিকট থেকে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। অতঃপর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি ০৬ অনুযায়ী সরকারী কর্ম কমিশনে মতামত প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে জনাব মো: রোকন উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), ঢাকা গণপূর্ত সার্কেল-৩, ঢাকা এর বিরুদ্ধে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪০(১) ধারা বিধান লঙ্ঘন করে বিদেশি রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই আইনের ৪০(২) ধারামতে 'চাকরি অবসানের আদেশ' প্রদানের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষন করেছে। একইভাবে মহামাণ্য রাষ্ট্রপতি অভিযুক্ত কর্মকর্তার চাকরি অবসানের পাশাপাশি বিদেশি রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণের কারণে সরকারি চাকরি আইন, ২০১৮ কার্যকর হওয়ার তারিখ (০১-১০-২০১৯) হতে পরবর্তী সময়ে গৃহীত সকল বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি তাঁর নিকট থেকে আদায় করার বিষয়টি অনুমোদন করেছেন। অতএব, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণের কারণে সরকারি চাকরি আইন, ২০১৮ কার্যকর হওয়ার তারিখ (০১-১০-২০১৯) হতে পরবর্তী সময়ে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রোকন উদ্দিন কর্তৃক গৃহীত সকল বেতন ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধা তার নিকট থেকে আদায় করা প্রয়োজন;

০৬। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে জনাব মো: রোকন উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), ঢাকা গণপূর্ত সার্কেল-৩, ঢাকা এর বিরুদ্ধে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪০ এর উপধারা (১) ও (২) এবং ধারা ৪০ এর উপধারা (৩) ও (৪) অনুযায়ী 'চাকরি অবসানের আদেশ' প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: রোকন উদ্দিনকে 'চাকরি অবসানের আদেশ' দণ্ড আরোপের প্রস্তাব এবং সরকারি চাকরি আইন, ২০১৮ কার্যকর হওয়ার তারিখ (০১-১০-২০১৯) হতে পরবর্তী সময়ে অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: রোকন উদ্দিন কর্তৃক গৃহীত সকল বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধা তার নিকট থেকে আদায়ের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৭। সেহেতু, জনাব মো: রোকন উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), ঢাকা গণপূর্ত সার্কেল-৩, ঢাকাকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪০ এর উপধারা (১) বিধান লঙ্ঘন করে বিদেশি রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই আইনের ধারা ৪০ এর উপধারা (২) অনুযায়ী তার চাকরি অবসানের আদেশ প্রদান করা হলো। একইসাথে, জনাব মো: রোকন উদ্দিন বিদেশি রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণের কারণে সরকারি চাকরি আইন, ২০১৮ কার্যকর হওয়ার তারিখ (০১-১০-২০১৯) হতে পরবর্তী সময়ে গৃহীত সকল বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধা তার নিকট থেকে আদায় করারও সিদ্ধান্ত গৃহীত হলো।

০৮। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী ওয়াছি উদ্দিন**
সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**জিএফডিপি (ইস্ট) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ পৌষ ১৪৩০/২৭ ডিসেম্বর ২০২৩

**নং ৩৫.০০.০০০০.০২১.১৪.০০১.২০.২০৮**—সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন "পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা-সেতু-বনশ্রী শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প" শীর্ষক প্রকল্পের অনুমোদিত পুনর্বাসন পরিকল্পনা (Resettlement Plan) অনুসারে পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে (১) Property Assessment and Valuation Comittee (PAVC); (২) Local Level GRC এবং (৩) Project Level GRC কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

১) Property Assessment and Valuation Committee (PAVC):

| | |
|---|---|
| (১) প্রকল্প ব্যবস্থাপক, সওজ, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা-সেতু-বনশ্রী শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। | আহ্বায়ক |
| (২) উপ-প্রকল্প ব্যবস্থাপক (উঃবিঃপ্রঃ), সওজ, পাবলিক প্রাইভেট পার্টনারশীট (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা-সেতু-বনশ্রী শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| (৩) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসক, ঢাকা/নারায়ণগঞ্জ। | সদস্য |

| | |
|---|---|
| (৪) সহকারী প্রকৌশলী, সওজ, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা-সেতু-বনশ্রী শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| (৫) এরিয়া ম্যানেজার, পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও। | সদস্য-সচিব |

২) Property Assessment and Valuation Committee (PAVC) এর কার্যপরিধি:

(১) পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও কর্তৃক সরেজমিনে জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ/ প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের তালিকা ও ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ যাচাই করা;

(২) পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও এবং অন্যান্য সরকারি সংস্থা যেমন PWD, DAE, DFO এর সহায়তায় ক্ষতিগ্রস্ত সম্পদের বর্তমান বাজার মূল্য যাচাই করে প্রতি ইউনিটের মূল্য নির্ধারণ করা এবং সুপারিশপূর্বক তা Executing Agency এর নিকট পেশ করা;

(৩) প্রকল্পাধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের নিজস্ব সড়ক (রাইট অব ওয়েতে) ও সরকারের অন্যান্য সংস্থার জমিতে দীর্ঘদিন যাবত বিদ্যমান ব্যবসা প্রতিষ্ঠান, সামাজিক প্রতিষ্ঠান ও বসবাসকারীদের সনাক্তকরণ এবং ঐ সকল ব্যক্তি প্রতিষ্ঠানের ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ নির্ধারণ, যৌথ জরিপ ফরম পূরণ ও স্বাক্ষরকরণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ নিরূপণ ও সনাক্ত স্বাক্ষরকরণ এবং প্রকল্প পরিচালক/ চীফ রিসেটেলমেন্ট অফিসারের নিকট পেশকরণ:

(৪) PAVC কমিটির কার্য সম্পাদনের কোনোরূপ জটিলতা/ বিতর্ক তৈরি হলে প্রকল্প পরিচালকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;

(৫) "পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা-সেতু-বনশ্রী শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প" এর সময়সীমা অনুসারে উপর্যুক্ত কার্যাদি সম্পাদন করে সংশ্লিষ্ট কাগজপত্র/প্রতিবেদন প্রকল্প পরিচালক/চীফ রিসেটেলমেন্ট অফিসারের নিকট পেশকরণ।

Grievance Redress Comittee (GRC)

(২) Local Level GRC:

| | |
|---|---|
| (১) প্রকল্প ব্যবস্থাপক, সওজ, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা-সেতু-বনশ্রী শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। | আহ্বায়ক |
| (২) সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। | সদস্য |
| (৩) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রতিনিধি (পুরুষ)। | সদস্য |
| (৪) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রতিনিধি (নারী)। | সদস্য |
| (৫) প্রজেক্ট কোম্পানির প্রতিনিধি। | সদস্য |
| (৬) পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও এর প্রতিনিধি। | সদস্য-সচিব |

Local Level Grievance Redress Comittee (GRC) এর কার্যপরিধি:

(১) প্রকল্পের অধীনে ক্ষতিপূরণ ও পুনর্বাসন সুবিধাদি, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সহায়তা প্রদান বিষয়ে সংক্ষুদ্ধ ব্যক্তিদের নালিশ এবং শুনানী গ্রহণ;

(২) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নালিশ যদি ভূমি অধিগ্রহণ আইনের সালিশ (Arbitration) পদ্ধতি অথবা প্রচলিত আইনের আওতাভুক্ত কোনো বিষয় সংক্রান্ত হয় তবে এই কমিটি উক্ত নালিশ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করার পরামর্শ দেবে। নালিশ যদি প্রচলিত আইনের আওতামুক্ত না হয় সেক্ষেত্রে পুনর্বাসন পরিকল্পনার নীতিমালার আলোকে বিষয়সমূহ নিষ্পত্তির ব্যাপারে কমিটি সুপারিশমালা তৈরি করবে;

(৩) কমিটির সুপারিশমালা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক/ চীফ রিসেটেলমেন্ট অফিসারের নিকট পেশ করবে।

**(৩) Project Level GRC:**

| | |
|---|---|
| (১) প্রকল্প পরিচালক, সওজ, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা-সেতু-বনশ্রী শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। | আহ্বায়ক |
| (২) নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন বিভাগ), সওজ। | সদস্য |
| (৩) টিম লিডার/ডেপুটি টিম লিডার, পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও। | সদস্য-সচিব |

**Project Local Level Grievance Redress Comittee (GRC) এর কার্যপরিধি:**

(১) Local Level (GRC) এর সুপারিশের ওপর অসন্তুষ্ট সংক্ষুদ্ধ ব্যক্তিগণের আবেদন/নালিশ পুনঃ বিবেচনার জন্য গ্রহণ ও শুনানীকরণ; এবং

(২) Local Level (GRC) এর সুপারিশসমূহ এবং পুনঃ আবেদন যাচাই ও পর্যালোচনান্তে সুপারিশসমূহ অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী, সওজ এর নিকট পেশকরণ।

**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করার পদ্ধতি:**

(১) সংক্ষুদ্ধ ব্যক্তি লিখিতভাবে আহ্বায়কের কার্যালয়ে আবেদন করতে পারবেন;

(২) কমিটি নালিশ/অভিযোগ প্রাপ্তির এক মাসের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কাজের রেকর্ড ও সভার কার্যবিবরণী সংরক্ষণ করবেন;

(৩) আহ্বায়কের কার্যালয়ে এই কমিটির যাবতীয় কার্য অনুষ্ঠিত হবে;

(৪) কমিটি সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি অবশ্যই কার্যবিবরণীতে উল্লেখ করবে; এবং কমিটি নালিশ প্রতিকার সংশ্লিষ্ট নিয়মাবলি এবং এই সংক্রান্ত ক্ষতিগ্রস্তদের অধিকার স্থানীয়ভাবে ফোকাস গ্রুপ সভায় এবং পুনর্বাসন পুস্তিকা বিতরণের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে।

**শর্ত:**

১। পুনর্বাসন বাজেট প্রণয়নের সময় কমিটির প্রতিটি সদস্যের বিভিন্ন অঙ্গের পরিমাণ যথাযথভাবে নির্ধারণ করা হয়েছে মর্মে আলাদা আলাদাভাবে প্রত্যয়নপত্র [নাম/পদবি/ঠিকানা/আইডি (প্রযোজ্য ক্ষেত্রে)/মোবাইল নম্বর] সন্নিবেশিত করতে হবে।

২। পুনর্বাসনের অগ্রিম অর্থ পরিশোধ পরিহার করে সরকারি অনুমোদিত বাজেটের বিপরীতে সংকুলানকৃত অর্থ যৌথ একাউন্টে হস্তান্তর করতে হবে এবং সরকারের যাবতীয় বিধি বিধান ও নিয়মনীতি প্রতিপালনপূর্বক ব্যয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহিনা শবনম**
সিনিয়র সহকারী সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**বিমান অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩০.০০.০০০০.০১৭.০১৮.০০৫.১৯.০১—The Companies Act, 1994 এর আওতায় স্বাক্ষরিত Articles of Association of Biman Bangladesh Airlines Limited এর অনুচ্ছেদ-৩৮ অনুযায়ী ২০২৪ সালের জন্য বিমান বাংলাদেশ এয়ালাইন্স লিমিটেড-এর পরিচালনা পর্ষদ নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | জনাব মোস্তফা কামাল উদ্দীন সিনিয়র সচিব (অবসরপ্রাপ্ত) আফসার টাওয়ার, ৩৪৫, এলিফ্যান্ট রোড, ঢাকা | চেয়ারম্যান |
| ২ | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | পরিচালক |
| ৩ | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | পরিচালক |
| ৪ | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | পরিচালক |
| ৫ | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালক |
| ৬ | সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয় | পরিচালক |
| ৭ | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | পরিচালক |
| ৮ | সহকারী বিমান বাহিনী প্রধান (অপারেশন) | পরিচালক |
| ৯ | ইঞ্জিনিয়ার ইন চীফ, বাংলাদেশ সেনাবাহিনী | পরিচালক |
| ১০ | সভাপতি, বিজিএমইএ | পরিচালক |
| ১১ | ব্যারিষ্টার তানজিবুল আলম, আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | পরিচালক |
| ১২ | জনাব খন্দকার আতিক-ই-রব্বানী, ব্যবস্থাপনা পরিচালক, দি কম্পিউটার্স লিমিটেড, ঢাকা মেট্রোপলিটান স্কাউট ভবন/মার্কেট, ৫৪, ইনার সার্কুলার রোড (১ম তলা), পুরানা পল্টন লাইন, ঢাকা। | পরিচালক |
| ১৩ | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড | পরিচালক পদাধিকারবলে |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এর প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/০৪ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.২৭৮.২২.১৪**—যেহেতু, নৌবাহিনী সদর দপ্তরে কর্মরত সহকারী পরিচালক বেগম উম্মে সালমা (পরিচিতি নং-১৫৬) নৌ সরবরাহ পরিদপ্তরের অধীন ডাক ও প্রকাশনা কার্যালয়ে ডিসেম্বর ২০১৮ থেকে মে ২০২০ পর্যন্ত সময়কালে সংঘটিত আর্থিক ও দাপ্তরিক অনিয়মের সাথে সম্পৃক্ত থাকার দরুন তাঁর বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হলে নৌবাহিনী সদর দপ্তর কর্তৃক গঠিত তদন্ত পর্ষদ 'Civilian Employees in Defence Services (Classivication, Control and Appeal) Rules, 1961'-এর রুল ৭ এর সাব-রুল ২ এবং রুল ৭ এর সাব-রুল ৩ এর বিধান মতে তাঁকে দোষী সাব্যস্ত করে রুল ৮ এর সাব-রুল ১ অনুযায়ী গুরুদন্ড প্রদানের সুপরিশ করে;

যেহেতু, বেগম উম্মে সালমার বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন করা হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্তের লক্ষ্যে একজন কর্মকর্তা নিয়োগ করে আনীত অভিযোগসমূহের বিষয়ে প্রতিবেদন প্রদানের জন্য প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়কে অনুরোধ করা হয়। তদনুযায়ী নৌবাহিনী সদর দপ্তরের অতিরিক্ত পরিচালক জনাব নেছার আহমেদ খান তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন। এ পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে উল্লিখিত রুলস এর রুল ৭ এর সাব-রুল ২ এবং রুল ৭ এর সাব-রুল ৩ এর বিধান মতে যথাক্রমে অসদাচরণ (Misconduct) এবং দুর্নীতির (Corruption) অভিযোগ আনয়ন করে রুল ৮ এর সাব-রুল ১ অনুসারে গুরুদন্ড প্রদানের যথেষ্ঠ কারণ থাকায় মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (ডি-১৮-০৭-২০২২) শুরু করা হয়;

যেহেতু, তিনি প্রেরিত অভিযোগনামায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের জবাব প্রদান করেন। অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদন্ড প্রযোজ্য হবে বিবেচনায় এবং বিভাগীয় মামলার নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের স্বার্থে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত কার্য সম্পাদন করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী বেগম উম্মে সালমার বিরুদ্ধে আনীত ১৫টি অভিযোগের মধ্যে ১২টি অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে এবং অভিযোগসমূহের প্রেক্ষিতে উল্লিখিত রুলস এর রুল-৭ এর সাব-রুল ২ এবং রুল ৭ এর সাব-রুল ৩ অনুযায়ী যথাক্রমে অসদাচরণ (Misconduct) এবং দুর্নীতির (Corruption) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, বেগম উম্মে সালমা, সহকারী পরিচালক (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত)-কে উল্লিখিত রুলস এর রুল ৮ এর সাব-রুল ১ অনুসারে গুরুদণ্ডের আওতায় কেন এক বা একাধিক শাস্তি প্রদান করা হবে না তা জানিয়ে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হলে তিনি লিখিত জবাব দাখিল করেন।

যেহেতু, বেগম উম্মে সালমার দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তাঁর বিরুদ্ধে আনীত উল্লিখিত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961-এর রুল-৭ এর সাব-রুল ২ এবং রুল ৭ এর সাব-রুল ৩ অনুযায়ী যথাক্রমে অসদাচরণ (Misconduct) এবং দুর্নীতির (Corruption) এর অভিযোগে উল্লিখিত রুলস এর রুল ৮ এর সাব-রুল ১(জি) অনুযায়ী বেগম উম্মে সালমা (পরিচিত নং-১৫৬), সহকারী পরিচালক (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত), নৌবাহিনী সদর দপ্তর-কে চাকরি থেকে অপসারণ (Removal from service) গুরুদণ্ড প্রদানের প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হয়েছে; এবং

সেহেতু, বেগম উম্মে সালমা (পরিচিতি নং-১৫৬), সহকারী পরিচালক (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত), নৌবাহিনী সদর দপ্তর-কে 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961'-এর রুল-৭ এর সাব-রুল ২ এবং রুল ৭ এর সাব-রুল ৩ অনুযায়ী যথাক্রমে অসদাচরণ (Misconduct) এবং দুর্নীতির (Corruption) এর অভিযোগে উল্লিখিত রুলস এর রুল ৮ এর সাব-রুল ১(জি) অনুযায়ী চাকরি থেকে অপসারণ (Removal from service) গুরুদণ্ড আরোপ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গোলাম মোঃ হাসিবুল আলম**
সিনিয়র সচিব।